

🗏 ইয়াসীন | Ya-Sin | ০০০০

আয়াতঃ ৩৬: ২১

আরবি মূল আয়াত:

اتَّبِعُوا مَن لَّا يَسَلُّكُم اَجِرًا قَّ هُم مُّهتَدُونَ ﴿٢١﴾

🗚 অনুবাদসমূহ:

'তোমরা তাদের অনুসরণ কর যারা তোমাদের কাছে কোন প্রতিদান চায় না আর তারা সৎপথপ্রাপ্ত'। — আল-বায়ান তোমরা মান্য কর এদেরকে- যারা তোমাদের কাছে কোন প্রতিদান চায় না। উপরম্ভ তারা সঠিক পথে পরিচালিত। — তাইসিরুল

অনুসরণ কর তাদের যারা তোমাদের নিকট কোন প্রতিদান চায়না এবং তারা সৎ পথপ্রাপ্ত। — মুজিবুর রহমান Follow those who do not ask of you [any] payment, and they are [rightly] quided. — Sahih International

- ২১. অনুসরণ করা তাদের, যারা তোমাদের কাছে কোন প্রতিদান চায় না(১) এবং যারা সৎপথপ্রাপ্ত।
 - (১) কাতাদাহ বলেন, সে ব্যক্তি যখন রাসূলদের কাছে এসে পৌঁছলেন তখন তিনি তাদেরকে জিজ্ঞেস করলেন, তোমরা কি তোমাদের এ কাজের বিনিময়ে কোন পারিশ্রমিক চাও? তারা বলল, না। তখন সে বলল, হে আমার সম্প্রদায়! তোমরা রাসূলদের অনুসরণ কর। অনুসরণ করা তাদের, যারা তোমাদের কাছে কোন প্রতিদান চান না, আর তারা তো সৎপথপ্রাপ্ত। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(২১) অনুসরণ কর তাদের যারা তোমাদের নিকট কোন প্রতিদান চায় না এবং যারা সৎপথপ্রাপ্ত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3726

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন